

হাদীস সম্ভার

হাদিস নম্বরঃ ২৭৮৬

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ মহানবী (ﷺ) এর ক্ষমাশীলতা

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ قَدِمَ الطُّفَيْلُ وَأَصْحَابُهُ فَقَالُوا يَا رَسُولَ اللَّهِ إِنَّ دَوْسًا قَدْ كَفَرَتْ
وَأَبَتْ فَادْعُ اللَّهَ عَلَيْهَا فَيَقِيلَ هَلَكْتَ دَوْسٌ فَقَالَ اللَّهُمَّ اهْدِ دَوْسًا وَأْتِ بِهِمْ

বাংলা

(২৭৮৬) আবু হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, তুফাইল বিন আমর দাওসী ইসলামে দীক্ষিত হলেন। অতঃপর তিনি ফিরে গিয়ে নিজ গোত্রের লোককে ইসলামের দিকে আহ্বান করলেন। তাঁর আহ্বানে সাড়া দিয়ে তাঁর আববা ও স্ত্রী ইসলাম গ্রহণ করলেন। বাকী লোকেরা ঈমান আনতে অস্বীকার করল। তিনি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হয়ে বললেন, 'হে আল্লাহর রসূল! দাওস গোত্র অবাধ্য, তারা ইসলাম গ্রহণ করতে অস্বীকার করেছে। আপনি তাদের উপর বদুআ করুন।' এ কথার পর লোকেরা ভাবল যে, তিনি এবার তাদের উপর বদুআ করবেন। কিন্তু তিনি দু'আ করে বললেন, 'হে আল্লাহ! তুমি দাওস গোত্রকে হেদায়াত কর এবং তাদেরকে (আমার নিকট) আনয়ন কর।'

ফুটনোট

(বুখারী ২৯৩৭, ৪৩৯২, মুসলিম ৬৬১১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=66534>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন